রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, আগস্ট ১২, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮ শ্রাবণ ১৪৩২/ ১২ আগস্ট ২০২৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০৫৭.২৪.১৯৬—যুক্তরাষ্ট্রের সঙ্গে ঐতিহাসিক বাণিজ্য সমঝোতা সফলভাবে সম্পন্ন হওয়ার পরিপ্রেক্ষিতে উপদেষ্টা পরিষদ বাণিজ্য মন্ত্রণালয়ের উপদেষ্টা শেখ বশিরউদ্দীন ও জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এবং রোহিঙ্গা সমস্যা বিষয়ক হাই রিপ্রেজেন্টেটিভ ড. খলিলুর রহমানসহ বাংলাদেশের ট্যারিফ আলোচক দলকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছে। পূর্বে প্রস্তাবিত শুল্কহার কমিয়ে ২০ শতাংশে নামিয়ে আনতে পারা জাতীয় নিরাপত্তা উপদেষ্টার কার্যকর সহায়তা এবং বাণিজ্য উপদেষ্টার নেতৃত্বে ট্যারিফ আলোচক দলের অসাধারণ কৌশলগত দক্ষতা ও দেশের অর্থনৈতিক স্বার্থ রক্ষায় অটুট প্রতিশ্রুতির একটি উৎকৃষ্ট উদাহরণ।

২। জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান দিবসসমূহ সফলভাবে আয়োজনের জন্য মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গঠিত জাতীয় কমিটি, এ কমিটির সহ-সভাপতি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা জনাব ফারুক ই আজম বীর প্রতীক এবং কর্মসূচি সমন্বয়ক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা জনাব মোস্তফা সরয়ার ফারুকীসহ সংশ্লিষ্ট সকলকে উপদেষ্টা পরিষদ আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছে। জুলাই গণঅভ্যুত্থানে শহিদের আত্মত্যাগ, ছাত্র-জনতার বীরগাথা, নারী-পুরুষ নির্বিশেষে নিরপরাধ মানুষের উপর স্বৈরাচারী শাসকের নৃশংস দমন-পীড়ন ও পৈশাচিক বর্বরতা দেশীয়, আন্তর্জাতিক পরিমন্ডলে প্রচার, সংরক্ষণ এবং জনমত গঠনের উদ্দেশ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টার উদ্যোগে প্রণীত ‘জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা’ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।



**মূল্য :** টাকা ৪.০০

৩। যুক্তরাষ্ট্রের সঙ্গে ঐতিহাসিক বাণিজ্য সমঝোতা সফলভাবে সম্পন্ন করায় বাণিজ্য মন্ত্রণালয়ের উপদেষ্টা শেখ বশিরউদ্দিন, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এবং রোহিঙ্গা সমস্যা বিষয়ক হাই রিপ্রেজেন্টেটিভ ড. খলিলুর রহমানসহ বাংলাদেশ ট্যারিফ আলোচক দলকে অভিনন্দন জানিয়ে এবং জুলাই গণঅভ্যুত্থান দিবসসমূহ সফলভাবে আয়োজনের জন্য মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গঠিত জাতীয় কমিটি, এ কমিটির সহ-সভাপতি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা জনাব ফারুক ই আজম বীর প্রতীক এবং কর্মসূচি সমন্বয়ক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা জনাব মোস্তফা সরয়ার ফারুকীসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে উপদেষ্টা পরিষদের ২৩ শ্রাবণ ১৪৩২/৭ আগস্ট ২০২৫ তারিখের বৈঠকে অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

৪। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

## উপদেষ্টা পরিষদের অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২৩ শ্রাবণ ১৪৩২ / ৭ আগস্ট ২০২৫

যুক্তরাষ্ট্রের সঙ্গে ঐতিহাসিক বাণিজ্য সমঝোতা সফলভাবে সম্পন্ন হয়েছে। এজন্য উপদেষ্টা পরিষদ বাণিজ্য মন্ত্রণালয়ের উপদেষ্টা শেখ বশিরউদ্দীন, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এবং রোহিঙ্গা সমস্যা বিষয়ক হাই রিপ্রেজেন্টেটিভ ড. খলিলুর রহমানসহ বাংলাদেশের ট্যারিফ আলোচক দলকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছে। শুল্কহার ২০ শতাংশে নামিয়ে আনতে পারা - যা পূর্বে প্রস্তাবিত হারের চেয়ে ১৭ পয়েন্ট কম; এ অর্জন জাতীয় নিরাপত্তা উপদেষ্টার কার্যকর সহায়তায় বাণিজ্য উপদেষ্টার নেতৃত্বে ট্যারিফ আলোচক দলের অসাধারণ কৌশলগত দক্ষতা ও দেশের অর্থনৈতিক স্বার্থ রক্ষায় অটুট প্রতিশ্রুতির একটি উৎকৃষ্ট উদাহরণ। এ সমঝোতা বাংলাদেশের তুলনামূলক সুবিধা ধরে রেখেছে, বিশ্বের সবচেয়ে বড় ভোক্তা বাজারে আমাদের প্রবেশাধিকার বাড়িয়েছে এবং জাতীয় স্বার্থ সুদৃঢ়ভাবে সংরক্ষণ করেছে। এ সাফল্য বাংলাদেশের আন্তর্জাতিক অঙ্গনে ক্রমবর্ধমান ইতিবাচক প্রভাবের স্বীকৃতি এবং ভবিষ্যতে টেকসই উন্নয়ন ও দীর্ঘমেয়াদি সমৃদ্ধির দ্বার উন্মোচন করেছে। এ কূটনৈতিক সাফল্য বিশ্ব দরবারে বাংলাদেশের মর্যাদা সুপ্রতিষ্ঠিত করেছে।

জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান দিবসসমূহ সফলভাবে আয়োজনের জন্য মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গঠিত জাতীয় কমিটি, এ কমিটির সহ-সভাপতি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা জনাব ফারুক ই আজম বীর প্রতীক এবং কর্মসূচি সমন্বয়ক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা জনাব মোস্তফা সরয়ার ফারুকীসহ সংশ্লিষ্ট সকলকে উপদেষ্টা পরিষদ আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছে। জুলাই গণঅভ্যুত্থানে শহিদের আত্মত্যাগ, ছাত্র-জনতার বীরগাথা, নারী-পুরুষ নির্বিশেষে নিরপরাধ মানুষের উপর স্বৈরাচারী শাসকের নৃশংস দমন-পীড়ন ও পৈশাচিক বর্বরতা দেশিয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রচার, সংরক্ষণ এবং জনমত গঠনের উদ্দেশ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টার উদ্যোগে প্রণীত ‘জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা’ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। এ অনুষ্ঠানমালা আয়োজনে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ঐকান্তিক প্রচেষ্টা প্রশংসনীয়। জুলাই গণঅভ্যুত্থানে সৃষ্ট নতুন বাংলাদেশের অমিত সম্ভাবনা বাস্তবায়নে জাতির আত্ম-আবিষ্কারের প্রক্রিয়ায় এ উদ্‌যাপন তাৎপর্যপূর্ণ ভূমিকা রেখেছে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd